

# মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সেপ্টেম্বর/২০২১ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।  
সভার তারিখ ও সময়ঃ ০৭ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ, ১২.৩০ ঘটিকায়।  
সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” এ সংযোজিত)

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী কোন সংশোধন/সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিষয়ঃ- প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা।

আলোচনাঃ- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, জুলাই/২০২১ হতে সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত ৩ (তিন) মাসের কোর্সে ৩টি ট্রেডে ৮০ (আশি) জনকে মনোনয়ন দেওয়া হয়েছে ১লা জুলাই/২০২১ খ্রিঃ। তিনি আরো জানান যে, দুরের ইউনিয়ন হতে মহিলা উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ নিতে ইচ্ছা পোষন করে না। ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হলে গজারিয়া উপজেলার অসহায়, দুঃস্থ মহিলাদের জন্য এডিবি খাত হতে ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং ২ টি ট্রেডের জন্য প্রকল্প নেওয়া যেতে পারে যার প্রকল্প ব্যয় ১ টি ট্রেডে ১৫০০০০/- টাকা করে ২ টি ট্রেডের জন্য মোট ৩০০০০০/- (তিন লক্ষ) টাকার বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ- ৩০০০০০/- (তিন লক্ষ) টাকা এডিবি হতে বরাদ্দ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

বিষয়ঃ- ক্ষুদ্রঋণ সংক্রান্ত আলোচনা।

আলোচনাঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, সদর কার্যালয়ে নির্দেশনা অনুযায়ী খেলাপী ঋণের তালিকা সদর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। তালিকা অনুযায়ী মামলা করার জন্য প্রাথমিক পদক্ষেপ অনুযায়ী লাল নোটিশ করা যেতে পারে বিষয়টি নিয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ- লাল নোটিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

বিষয়ঃ- কিশোর-কিশোরী ক্লাব সংক্রান্ত আলোচনা।

আলোচনাঃ করোনা পরিস্থিতির কারণে দীর্ঘদিন যাবৎ কিশোর-কিশোরী ক্লাব সমূহ স্বল্প পরিসরে কাজ করে যাচ্ছিল। বর্তমানে স্কুল কলেজ সমূহ খুলে দেয়ায় কিশোর-কিশোরী ক্লাব সম্পূর্ণ সচল করার জন্য উপস্থিত সদস্যদের সহযোগীতা কামনা করা হয়।

সিদ্ধান্তঃ কিশোর-কিশোরী ক্লাব সমূহ সচল করার জন্য সকলের সহযোগীতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নঃ- সকল সদস্যবৃন্দ

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(খাদিজা আক্তার)

ভাইস চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ

ও

সভাপতি

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

গজারিয়া, মুন্সীগঞ্জ।

তারিখঃ- ০৭/০৯/২০২১ খ্রিঃ

স্মারক নং:-৩২.০১.৫৯২৪.০০০.৩৩.০০১.২০১৭- ২০৬(৩)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিস, গজারিয়া, মুন্সীগঞ্জ।
২. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৪. অফিস কপি।

  
(রুমজান আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,

ও

সদস্য সচিব

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

গজারিয়া, মুন্সীগঞ্জ।

E-mail: waogazaria@gmail.com